# রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা

erajshahi.portal.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি (৪র্থ বার)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশনের নিম্ন বর্ণিত হাট-বাজার টোল আদায়ের অধিকার ১৪২৮ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত সিডিউল মাধ্যমে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে **মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন** এর অনুকূলে ব্যাংক ড্রাফট আকারে **(MICR কম্পিউটারাইজড বিডি)** জামানত হিসেবে দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত অত্র কর্পোরেশনের সচিব-এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিন দুপুর ২.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত তারিখ পর্যন্ত নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎযোগ্য) অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখা রাজশাহী হতে অফিস/ব্যাংক চলাকালীন ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

হাট-বাজার ইজারার ক্যালেন্ডার ঃ

| ক্রনং | হাট বাজারের নাম | সিডিউলের মূল্য | সরকারি মূল্য | সিডিউল বিক্রয়ের তারিখ ব্যাংক চলাকালীন (বিকেল ৪:০০ ঘটিকা) পর্যন্ত | দরপত্র দাখিলের তারিখ সকাল ০৯:০০ টা থেকে দুপুর ০১:০০ টা পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ০১ | উপশহর নিউমার্কেট কাঁচা বাজার | ১২০০/- | ২,৯৪,৯১১/- | ৪র্থ বার ০৭-০৪-২০২১ খ্রিঃ | ৪র্থ বার ০৮-০৪-২০২১ খ্রিঃ |

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখে কোন দরপত্র পাওয়া না গেলে বা দরপত্র পাওয়া গেলেও কাঙ্খিত দর পাওয়া না গেলে বা কাঙ্খিত দর পাওয়া গেলে তা অনুমোদিত না হলে পর্যায়ক্রমে পরবর্তী দরপত্র আহবানের তারিখ অব্যাহত থাকবে। প্রাপ্ত কাঙ্খিত দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে পরবর্তী দরপত্র বিক্রি ও গ্রহণের তারিখ বাতিল বলে গণ্য হবে। প্রতি বারের দরপত্র দাখিলের জন্য নতুন করে সিডিউল ক্রয় পূর্বক দরপত্র দাখিল করতে হবে।

বিশেষ শর্তাবলী ঃ

০১। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন এর অনুকূলে ব্যাংক ড্রাফট **(MICR** কম্পিউটারাইজড বিডি)-এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। জামানত বিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০২। সফল দরপত্রদাতাকে অবশিষ্ট ৭৫% অর্থ অত্র কর্পোরেশন তহবিলে জমা প্রদান করতে হবে এবং সরকারি বিধান মতে ইজারা দরের ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) নির্ধারিত চালান মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা প্রদান পূর্বক চালানের কপি অত্রাফিসে দাখিল করতে হবে।অন্যথায় জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৩। দরপত্রদাতা কর্তৃক সমুদয় টাকা পরিশোধ করার পর ৩০০.০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে কর্তৃপক্ষের সাথে শর্তসম্বলিত ইজারা চুক্তিপত্র সম্পাদন পূর্বক হাট-বাজার দখল হস্তান্তর করা হবে।

০৪। দরদাতাকে দরপত্রের সাথে গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি এবং সংশ্লিষ্ট নিজ বাসস্থান এলাকার সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র দাখিল করতে হবে।

০৫। হাট-বাজারের উন্নয়ন মূলক কার্যক্রম পরিচালনার কারণে কোন হাট-বাজারের টোল আদায় কার্যক্রমে কোন বাধা সৃষ্টি হলে কর্পোরেশন কর্তৃপক্ষ তার জন্য দায়ী থাকবে না। ইজারাদার কোন রকম অভিযোগ এবং ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

০৬। ইজারার মেয়াদ শেষ হবার সংগে সংগে ইজারাদার হাট-বাজারের দখল রাজশাহী সিটি কর্পোরেশন বরাবর বুঝে দিতে বাধ্য থাকবেন এবং ইজারাদার কোন ক্রমেই অন্যের নিকট পুনঃ ইজারা বন্দোবস্ত (সাবলীজ) প্রদান করতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপের বা ইজারা চুক্তির দলিলে উল্লিখিত কোন শর্তের/ শর্তসমূহের লঙ্ঘন কর্তৃপক্ষের গোচরীভূত হয় তাহলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ ইজারা বাতিল করতে পারবেন।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতাসহ যে কোন দরপত্রের দর বহাল রেখে পুনঃ দরপত্র আহবানের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ
সচিব
রাজশাহী সিটি কর্পোরেশন
ফোন-০৭২১-৭৭৫৫০৫(অফিস)

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.৩৫.৬১৭.২০. ৫০০(৫০)

তারিখ ঃ ১৫ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / 29 মার্চ ২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, রাজশাহী।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী।
৫। ------------------------------------------------------------------------।

২৮/০৩/০২১
রাজশাহী সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.৩৫.৬১৭.২০. ৫০০(৫০)/৫০

তারিখ ঃ ১৫ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / 29 মার্চ ২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং . . . রাজশাহী সিটি কর্পোরেশন।
২। মেয়রের একান্ত সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)
৩। বিভাগীয় প্রধান ........................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।
৪। ব্যক্তিগত সহকারী, প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। এম.আই.এস পার্সোন, আই.সি.টি শাখা, রাজশাহী সিটি কর্পোরেশন। রাসিকের ওয়েব সাইট ও সিপিটিইউ-য়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
৬। নোটিশ বোর্ড, রাজশাহী সিটি কর্পোরেশন।
৭। অফিস কপি।

২৮/০৩/০২১
রাজশাহী সিটি কর্পোরেশন।